



বাউবি/পরীক্ষা/বি.এড/৪৬/৯৩/২৪১০

তারিখ : ২০/০৯/২০১৭।

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএড প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ (২০০৮ থেকে ২০০৯ ব্যাচের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ) শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাউবি/প্রশা(সাধা)/বিভাগ-২৬(১৩)/৯৬/পার্ট-৩/৩৯৭০(১)/, তারিখ : ০৩/১০/২০১৬

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- (১) একাডেমিক কাউন্সিল-এর ৪৭তম সভার সিদ্ধান্ত-১২-এর আওতা বহির্ভূত সকল প্রোগ্রামের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থী অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে সংশ্লিষ্ট কোর্স/বিষয়ে কোর্স ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে এবং
- (২) ২০১৬ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় যে ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হবে উক্ত সিদ্ধান্তের আলোকে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০২ বছরের মধ্যে DeNovo রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরবর্তীতে রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীগণের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।”

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে-

- (ক) পরবর্তী DeNovo রেজিস্ট্রেশনের ফি প্রদান সম্পর্কিত বাউবি'র প্রশাসন বিভাগ কর্তৃক জারিকৃত সূত্রে বর্ণিত স্বাক্ষরের অফিস আদেশে কোর্স ফি, পুণঃপরীক্ষার্থী ফি, রেজিস্ট্রেশন ফি, নম্বরপত্র ফি, সনদপত্র ফি প্রশংসাপত্র ফি এবং একাডেমিক ক্যালেন্ডার ফি জমা প্রদানের কথা উল্লেখ করা হয়েছে।
- (খ) কোন শিক্ষার্থী উল্লেখিত অফিস আদেশ মোতাবেক ফি প্রদান না করে DeNovo রেজিস্ট্রেশনের জন্য আবেদন করে থাকলে তাদেরকেও অবশিষ্ট ফি প্রদান করতে হবে। আগামী ২৮/০৯/২০১৭ তারিখের মধ্যে DeNovo এর জন্য ফি প্রদান করে আগামী ০৩/১০/২০১৭ তারিখ হতে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ২৮/০৯/২০১৭ তারিখের মধ্যে জমাকৃত আবেদন সমূহের ভিত্তিতে শিক্ষার্থী তালিকা প্রস্তুতকরে ০৬/১০/২০১৭ তারিখে পরীক্ষা বিভাগে পৌঁছাতে হবে।

ধন্যবাদসহ।

২০/০৯/১৭

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ : কার্যার্থে।

- ১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ২। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির Website এ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৩। অধ্যক্ষ/সমন্বয়কারী, বিএড প্রোগ্রাম, বাউবি, সকল স্টাডি সেন্টার।
- ৪। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
- ৫। প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১. ডীন, স্কুল অব এডুকেশন, বাউবি।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৪. সংরক্ষণ নথি।